

প্রথম আলো শিক্ষা

ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রাম

উচ্চশিক্ষার সারথি

জাহিদ হোসাইন খান | আপডেট: ০১:৩৩, জুলাই ০৫, ২০১৫ | প্রিন্ট সংস্করণ



যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার জন্য হাজারো শিক্ষার্থীর প্রতীক্ষার যেন শেষ নেই। সেই দেশে পড়াশোনার জন্য অন্যতম সম্মানজনক এক বৃত্তির নাম 'ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রাম'। বিশ্বের অন্যতম নামকরা এ বৃত্তিপ্রাপ্ত ৫৩ জন জয় করেছেন নোবেল পুরস্কার আর ৭৮ জন পেয়েছেন পুলিৎজার পুরস্কার। ফুলব্রাইট প্রোগ্রামে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের ফি থেকে শুরু করে শিক্ষার্থীদের থাকা-খাওয়া-যাতায়াতসহ যাবতীয় খরচ দেওয়া হয়। এ বছর বাংলাদেশ থেকে ছয়জন তরুণ গবেষক ফুলব্রাইট বৃত্তি নিয়ে যুক্তরাষ্ট্রের ছয়টি বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ডিগ্রি অর্জনের সুযোগ পেয়েছেন। শোনা যাক এই ছয় তরুণের উচ্চশিক্ষার স্বপ্নপূরণের গল্প।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে পড়াশোনা শেষ করে একই বিভাগে শিক্ষকতা করছেন অনিন্দ্য কিশোর দেবনাথ। অনিন্দ্য জর্জিয়া টেক বিশ্ববিদ্যালয়ে সিটি অ্যান্ড রিজিওনাল প্ল্যানিং বিষয়ে মাস্টার্সে পড়ার সুযোগ পেয়েছেন। অনার্সের সময় বিভাগের সেরা থিসিস সম্মাননা পেয়েছিলেন অনিন্দ্য। সেই ধারাবাহিকতায় ভালো ফলের জন্য ২০১০ সালে পেয়েছিলেন বিভাগের প্রধানমন্ত্রী স্বর্ণপদক। আইডিয়াল স্কুল আর নটর ডেম কলেজে পড়ে পুরোপুরি শহরের মানুষ অনিন্দ্য। বাংলাদেশের শহর নিয়ে খুব আগ্রহ তাঁর। উচ্চশিক্ষা শেষে দেশের নগর আর শহরগুলো নিয়ে পড়াশোনা আর গবেষণা করবেন বলে জানান তিনি। একই বিভাগ থেকে বৃত্তির সুযোগ পেয়েছেন মো. মুনতাসীর। মুনতাসীর ইউনিভার্সিটি অব ইলিনয়ে মাস্টার্স করবেন। বিশ্ববিদ্যালয়ে পড়ার শুরু থেকেই উন্নয়ন ক্ষেত্রে কাজ করার স্বপ্ন দেখতেন তিনি। তাঁর ভাষ্য, উচ্চশিক্ষা শেষে দেশে ফিরে উন্নয়ন খাতে কাজ করতে চাই। নিজের মেধার সর্বোচ্চটাই দেশকে দিতে চাই।

ছোটবেলা থেকে শিক্ষক হওয়ার স্বপ্ন দেখতেন তাসনিমা আফরিন। বর্তমানে পেশাও তাঁর শিক্ষকতা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) প্রভাষক হিসেবেই কাজ করছেন। তাসনিমা নিউইয়র্কের রচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজিতে পড়ার সুযোগ পেয়েছেন। শেয়ারবাজার নিয়ে গবেষণায় বেশ আগ্রহ তাসনিমার। তাঁর ভাষ্য, 'যুক্তরাষ্ট্রের শেয়ারবাজার বাংলাদেশের চেয়ে অনেক ভিন্ন আর বড়। সেখানে পড়াশোনার অভিজ্ঞতা বাংলাদেশের অস্থিতিশীল

শেয়ারবাজারে কাজে লাগানোর চেষ্টা করব।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ফিন্যান্স বিভাগ থেকে বিবিএ শেষ করে আইবিএতে এমবি করেন তাসনিমা।

তাসনিমার মতোই ফুলব্রাইট বৃত্তি পেয়েছেন মনজিমা হক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ থেকে পড়াশোনা শেষ করেন মনজিমা। তিনি জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স পড়ার সুযোগ পেয়েছেন। বর্তমানে পেশায় গবেষক শরীফ আবদুল ওয়াহাব। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে গবেষণা সহযোগী শরীফের অনার্স ও মাস্টার্স ডিগ্রি ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগ থেকে। শরীফ ওহাইও বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক উন্নয়ন অধ্যয়ন নিয়ে মাস্টার্স ডিগ্রির জন্য পড়াশোনা করতে যাচ্ছেন। শহরের দরিদ্রতা নিয়েই পড়াশোনা আর গবেষণায় আগ্রহ শরীফের। তিনি বলেন, 'জলবায়ু পরিবর্তনের কারণে শহরে দরিদ্রতার হার বাড়ছে। বাংলাদেশের এ সমস্যা কীভাবে কাটানো যায়, তা নিয়ে গবেষণা করতে চাই।'

শৈশব আর কৈশোরের পুরো সময়টা সৌদি আরবে কাটিয়েছেন নেয়ামা নজরুল ইসলাম। নেয়ামা ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে পড়াশোনা শেষে একটি বহুজাতিক কোম্পানিতে ব্র্যান্ড ব্যবস্থাপক হিসেবে কাজ করছেন। নেয়ামা যুক্তরাষ্ট্রের ব্যবসন কলেজে এমবিএ করার সুযোগ পেয়েছেন। নেয়ামার আগ্রহ উদ্যোক্তা আর উদ্যোগ নিয়ে।

এই ছয় শিক্ষার্থীর সবার গন্তব্য এখন যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের নামী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা আর গবেষণা শেষ করে প্রত্যেকেই দেশে ফিরে যাঁর যাঁর কর্মক্ষেত্রে যোগ দেবেন। উচ্চশিক্ষার অভিজ্ঞতা থেকে রাঙাবেন নিজ জীবন আর বাংলাদেশ।

ফুলব্রাইটের আবেদন তথ্য

বাংলাদেশের যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রিধারী ও কমপক্ষে দুই বছর কর্ম-অভিজ্ঞতা আছে, এমন মেধাবী শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রামে আবেদন করতে পারেন। আবেদনকারীর বয়সসীমা ২৪ থেকে ৩০ বছর। প্রতিবছর ছয় থেকে সাতজন শিক্ষার্থী ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রামের জন্য নির্বাচন করা হয়। অনলাইনের মাধ্যমে বৃত্তির জন্য আবেদন করতে হয়। আবেদনের সময় অনলাইনে আবেদনপত্র ও সব অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেটের স্ক্যান কপি আপলোড করতে হয়। এ ছাড়া তিনটি লেটার অব রেফারেন্সও আপলোড করতে হয়। এ ছাড়া টোয়েফল স্কোর ও জিআরই/জিম্যাট স্কোর জমা দিতে হয়। আবেদনকারী টোয়েফল স্কোর ও জিআরই/জিম্যাট স্কোর ছাড়াই প্রাথমিক আবেদন করতে পারেন, কিন্তু প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পরে অবশ্যই স্কোর জমা দিতে হবে। সাধারণত, এপ্রিল-মে-জুন মাসে এই প্রোগ্রামের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। ফুলব্রাইট ফরেন স্টুডেন্ট প্রোগ্রাম-সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য ঢাকাস্থ আমেরিকান সেন্টারে যোগাযোগ করা যেতে পারে। বিস্তারিত জানা যাবে:

foreign.fulbrightonline.org ওয়েবসাইট এবং

<http://dhaka.usembassy.gov>

/programs_for_undergrad_grad_students.html লিংক থেকে। এ ছাড়া goo.gl/ySZo06 লিংক থেকে অনলাইনে কীভাবে আবেদন জমা দিতে হয় ধারণা পাওয়া যাবে।



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্সঃ ৯১৩০৪৯৬, ই-মেইলঃ info@prothom-alo.info

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত
প্রথম আলো ১৯৯৮ - ২০১৫

এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি